



পল্লী সঞ্চয় ব্যাংক  
প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল- ৮)  
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

নং পসব্য/প্রকা/প্রশা-৬৪/২০১৭-২০১৮/২৩২৪

তারিখ : ১৩.০৮.২০১৮খ্রি.

উপজেলা সমন্বয়কারী  
একটি বাড়ি একটি খামার প্রকল্প  
ও  
সকল শাখা ব্যবস্থাপক(সাময়িক দায়িত্বে)  
পল্লী সঞ্চয় ব্যাংক

বিষয়ঃ ব্যাংকের ই-কমার্স ক্যাম্পেইন ‘পল্লী কোরবানির হাট’ অনলাইন কার্যক্রম সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারনা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

২। আপনারা সকলেই অবহিত আছেন যে, সমিতির সদস্যদের উৎপাদিত বিভিন্ন পণ্য সামগ্রীর সহজ ও সফল যুগোপযোগী বাজারজাত করার লক্ষ্যে একটি ই-কমার্স মার্কেটপ্লেস স্থাপন ও সদস্যদের যথাযথ সুবিধা প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে। ইতিমধ্যে উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে আসন্ন কোরবানির ঈদ উপলক্ষে পল্লী সঞ্চয় ব্যাংকের সদস্যদের গবাদি পশু অনলাইনে কেনাবেচার সেবা প্রদান করা হচ্ছে। এ বিষয়ের একটি বিস্তারিত নির্দেশনা ০৮/০৮/২০১৮ তারিখের পসব্য/প্রকা/প্রশা-৬৪/২০১৮-২০১৯/২৫৯৬ সংখ্যক স্বাক্ষরমূলে আপনাদের বরাবর প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটেও রক্ষিত আছে।

৩। আলোচ্য কর্মসূচীর ব্যাপক প্রচারের লক্ষ্যে সামাজিক যোগাযোগ মিডিয়ায় একটি অফিসিয়াল পেজ যা [www.fb.com/palliqurbanirhaat](http://www.fb.com/palliqurbanirhaat) নামে চালু করা হয়েছে। এক্ষেত্রে সামাজিক যোগাযোগ মিডিয়ায় আপনি ও আপনার সহকর্মীগণকে উক্ত অফিসিয়াল লিংকে সংযুক্ত হয়ে প্রতিদিন উক্ত পেজের পোস্টসমূহ লাইক, শেয়ার, ট্যাগ ইত্যাদি প্রদানের মাধ্যমে এই উদ্যোগের প্রচারণায় সহযোগীতা করার অনুরোধ করা হলো।

৪। ব্যাংকের এই উদ্যোগ সফল করার জন্য সকলের যথাযথ সহযোগীতা নিশ্চিত করার নির্দেশনা দেয়া হলো।

আপনার বিশ্বস্ত,

(মোঃ মহবুব উল্লাহ)

উপব্যবস্থাপনা পরিচালক

ফোন: +৮৮-০২- ৫৫১৩৮৫৫৯

ইমেইল: dmd@pallisan chaybank.gov.bd

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। চেয়ারম্যান মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়।
- ২। ব্যবস্থাপনা মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়।
- ৩। উপ-ব্যবস্থাপনা মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়।
- ৪। সকল সহকারী মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়।
- ৫। সকল কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক।